এনডিপি বার্তা

অক্টোবর-ডিসেম্বর, ২০২২ । সংখ্যা ৩৪ । বর্ষ ১৪

সূচিপত্র

- শিক্ষায় জেন্ডার, প্রতিবন্ধী ও প্রান্তিক জনগোষ্ঠীর অর্ন্তভুক্তি বিষয়ক আলোচনা ১
- ইফাদ প্রতিনিধি কর্তৃক আরএমটিপি প্রকল্পের কার্যক্রম পরিদর্শন
- ইআরসিসি প্রকল্পের অবহিতকরন সভা
- কুড়িগ্রাম জেলায় ‘এনডিপি পাড়া’ ২
- জেলা ক্ষুদ্রঋণ সংস্থা সমূহের সমন্বয় সভা
- ডিএইচআরএনএস প্রকল্পের আন্তর্জাতিক মানবাধিকার দিবস-২০২২
- সমৃদ্ধি কর্মসূচির ‘জাতীয় যুব দিবস -২০২২’ ৩
- টেকনিক্যাল ইনস্টিটিউট’র প্রশিক্ষণার্থীদের সনদপত্র বিতরণ
- সিইএমবি প্রকল্পের বিভিন্ন কর্মসূচি
- এক নজরে এনডিপি’র ঋণ সহায়তা কার্যক্রমের অগ্রগতি ৪
- এসইপি (তাঁত) প্রকল্পের অগ্নি নির্বাপন মহড়া
- লাইভস্টক রিস্ক মিটিগেশন প্রোগ্রামের খামারী প্রশিক্ষণ
- এসইপি (ডেইরী) প্রকল্পের পরিবেশ সনদ বিষয়ক কর্মশালা ৫
- প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচির বিশেষ চক্ষু ক্যাম্প
- কৃষি ইউনিটের ‘দুই দিনব্যাপি প্রশিক্ষণ’
- দরিদ্র মা’র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচির সচেতনতামূলক সভা
- অক্টোবর-ডিসেম্বর ২০২২ এর প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ ৬
- বিদায়ী জেলা প্রশাসককে ফুলেল শুভেচ্ছা প্রদান
- তায়কোয়ানদো প্রতিযোগিতায় স্বর্ণপদক জয়
- আশা প্রকল্পের শিক্ষার মান উন্নয়নে ইস্যু ভিত্তিক এ্যাডভোকেসী সভা
- শীতবস্ত্র বিতরণ ৭
- ব্রাজ প্রকল্পের কার্যক্রম পরিদর্শন ৮

সম্পাদনা পরিষদ

সম্পাদক ঃ
মোঃ আলাউদ্দিন খান
নির্বাহী পরিচালক

প্রণয়নে ঃ
মোঃ আতিকুর রহমান
ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)
মোঃ জানাফার ইসলাম
সহকারী ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)

প্রকাশনায় ঃ
রিসার্চ এন্ড ডকুমেন্টেশন বিভাগ
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

শিক্ষায় জেন্ডার, প্রতিবন্ধী ও প্রান্তিক জনগোষ্ঠীর অর্ন্তভুক্তির পরিকল্পনা বিষয়ক আলোচনা সভা

বক্তব্য দিচ্ছেন সিরাজগঞ্জ জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) গণপতি রায়।

গণসাক্ষরতা অভিযানের সহায়তায় শিক্ষা পরিকল্পনায় জেন্ডার, প্রতিবন্ধী ও প্রান্তিক জনগোষ্ঠীর অর্ন্তভুক্তি বিষয়ক আলোচনা সভার আয়োজন করা হয়। এনডিপি’র উদ্যোগে সংস্থার প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত এই আলোচনা সভায় সভাপতিত্ব করেন সংস্থার প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। এসময় তিনি বলেন, ‘‘২০৩০ সালের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সবার জন্য শিক্ষা নিশ্চিত করতে হবে। এলক্ষ্যেই এনডিপি গণসাক্ষরতা অভিযানের সহায়তায় জেলায় শিক্ষার সাথে সংশ্লিষ্ট বিভাগ ও অন্যান্য প্রতিনিধিদের নিয়ে আলোচনা সভার আয়োজন করা হয়। এসময় আলাউদ্দিন খান আরও বলেন শিক্ষার ক্ষেত্রে বর্তমান বিদ্যমান সমস্যার সমাধান বিশেষ করে চরাঞ্চলের প্রাতিষ্ঠানিক শিক্ষায় সবার উপস্থিতি নিশ্চিত করতে হবে। চরাঞ্চলের শিক্ষার মান উন্নত করতে হবে।’’

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) গণপতি রায়। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, ‘‘সমাজের মানুষের মধ্যে অতৃপ্তবোধ কাজ করে। তিনি এসময় উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, সবাইকে মনে রাখতে হবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে দীর্ঘ আন্দোলন সংগ্রামের মধ্যদিয়ে অনেক ত্যাগের বিনিময়ে জাতি স্বাধীনতা অর্জন করেছে।’’

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন জেলা শিক্ষা অফিসার কাজী সলিমুল্লাহ, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আমিনুল ইসলাম, জেলা সমাজ সেবা কার্যালয়ের উপপরিচালক মো. তৌহিদুল ইসলাম, সিরাজগঞ্জ প্রেস ক্লাব এর সভাপতি হেলাল আহমেদ ও প্রতিবন্ধিতা উন্নয়ন বিষয়ক কর্মকর্তা মো. আবুল হাসেম।

আলোচনা সভায় উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণকারী-গণ, বিভিন্ন শ্রেণি পেশার কর্মকর্তাদের অংশগ্রহণ ও মতামতে সমাজে নারীর প্রতি সহিংসতা বন্ধে সচেতনতা, জেন্ডার সমতা নিশ্চিতে কার্যক্রম গ্রহণের কথাও উল্লেখ করেন।

আলোচনা সভায় অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন রায়গঞ্জ উপজেলার নির্বাহী কর্মকর্তা তৃপ্তি কণা মন্ডল, সমাজসেবা কার্যালয়ের সহকারী পরিচালক মনিরুল ইসলাম ও মতিয়ার রহমান, দৈনিক সিরাজগঞ্জ প্রতিদিন পত্রিকার নির্বাহী সম্পাদক ও আ ফ ম মাহবুবুল হক পাঠাগার এর প্রতিষ্ঠাতা সভাপতি ইসমাইল হোসেন, কামারখন্দ উপজেলা শিক্ষা অফিসার সন্ধ্যা রাণী সাহা, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সাইফুল ইসলাম, বি.এল সরকারি উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. নুরুল আলম, জ্ঞানদায়িনী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আইয়ুব আলী, ভিক্টোরিয়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাজেদুল ইসলাম, কোনাবাড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. সাইফুল ইসলাম, পাঙ্গাসী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও পাঙ্গাসী কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি মো. জাকির হোসেন সরকার, কেপিইউএস এর নির্বাহী পরিচালক মো. আশরাফুল আলম, হিন্দু বৌদ্ধ খৃষ্টান ঐক্য পরিষদের সভাপতি নরেশ ভৌমিক প্রমুখ। সভা পরিচালনা করেন এনডিপি’র উপপরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান। তাকে সহযোগিতা করেন উপ-ব্যবস্থাপক প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসূচি শিপন চন্দ্র নাগ।

NDP
এনডিপি বার্তা
অক্টোবর-ডিসেম্বর, ২০২২। সংখ্যা ৩৪। বর্ষ ১৪

ইফাদ প্রতিনিধি কর্তৃক আরএমটিপি প্রকল্পের কার্যক্রম পরিদর্শন

বক্তব্য দিচ্ছেন পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সিনিয়র মহাব্যবস্থাপক (কার্যক্রম) ও প্রকল্প সমন্বয়কারী (আরএমটিপি) ড. আকন্দ মোঃ রফিকুল

উন্নয়ন সহযোগী আন্তর্জাতিক সংস্থা কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ) এর অর্থায়নে এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর কারিগরি সহযোগিতায় Rural Microenterprise Transformation Project প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। পাবনা ও সিরাজগঞ্জ জেলার ৬ টি উপজেলায় গোবাদি প্রাণি পালনকারি ২৪,০০০ খামারি এবং ১০০০ স্থানীয় সেবা দানকারী ব্যক্তি ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে নিয়মিতভাবে কাজ করছে দেশের অন্যতম স্বেচ্ছাসেবী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)।

এর-ই ধারাবাহিকতায় ৩১ অক্টোবর (সোমবার), উন্নয়ন সহযোগী সংস্থার একটি প্রতিনিধি দল প্রকল্পের কর্ম-এলাকার আওতাধীন উল্লাপাড়া উপজেলার সাইলেজ প্রাণি খাদ্যের বাজার উন্নয়নে উদ্যোগ, আরপি সাইলেজ এগ্রো, বেঙ্গলমিটের সাথে কন্ট্রাক্ট ফার্মিং, কামারখন্দ উপজেলার আলামিন ডেইরি ফার্মের মিল্ক কালেকশন সেন্টার, প্রাণির বাজার উন্নয়নকারী প্রতিষ্ঠান শুভ প্রাণি হোটেল ও দ্বিতল ট্রাক এবং সিরাজগঞ্জ শহরে অবস্থিত খামার যান্ত্রিকীকরণ ও দুগ্ধ প্রক্রিয়াকারী উদ্যোক্তা শ্বশুরবাড়ী সুইটস এন্ড দইঘর পরিদর্শন করেন। এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান এর উপস্থিতিতে ইফাদ সুপারভিশন মিশনের মিশন টিম লিডার, মোঃ দেওয়ান আলমগীর, ইফাদ এর কান্ট্রি ডাইরেক্টর- মিঃ আরনদ হিমেলিয়ার, এগ্রিকালচার এন্ড ভেল্যু চেইন স্পেশালিষ্ট মিঃ জেনস্ ক্রিস্টেনসেন, এমএন্ডই স্পেশালিষ্ট ড. শফিকুল ইসলামসহ প্রোগ্রাম অফিসার মেরিল জিমারম্যান ও মিস্ ফারহানা উরমি উপস্থিত ছিলেন। এছাড়াও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সিনিয়র মহাব্যবস্থাপক (কার্যক্রম) ও প্রকল্প সমন্বয়কারী (আরএমটিপি) ড. আকন্দ মোঃ রফিকুল ইসলাম, ব্যবস্থাপক মোঃ মজনু সরকার, এনডিপি'র পরিচালক (কর্মসূচি) ও প্রকল্প ফোকাল পারসন মোহাঃ শাহ আজাদ ইকবাল, প্রকল্প ব্যবস্থাপক মোঃ নজরুল ইসলামসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। এসময় প্রতিনিধি দলটি বেশকিছু উন্নয়নযোগ্য কার্যক্রম কর্ম-পরিকল্পনায় অন্তর্ভূক্ত করার পরামর্শ প্রদান করেন। সর্বোপরি বাস্তবায়িত কার্যক্রম দেখে তারা অভিভূত হন এবং আরএমটিপি প্রকল্পের বাস্তবায়িত কার্যক্রমের জন্য সংস্থার নির্বাহী পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন।

ইআরসিসি প্রকল্পের অবহিতকরন সভা

ক্লাইমেট ব্রিজ ফান্ড (সিবিএফ) এর আর্থিক সহযোগিতায় ও জার্মান কো-অপারেশন এর সহযোগিতায় এনডিপি বাস্তবায়িত ইআরসিসি প্রকল্পের অবহিতকরন সভা অনুষ্ঠিত হয়েছে। ২৩ নভেম্বর, সকাল ১০ টায় সিরাজগঞ্জ পৌরসভার হলরুমে অবহিতকরণ সভার সভাপতিত্ব করেন, সিরাজগঞ্জ পৌরসভার সুযোগ্য মেয়র সৈয়দ আব্দুর রউফ মুক্তা। এসময় তিনি প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর সহিত সমন্বয় করে প্রকল্পের কার্যক্রম পরিকল্পিতভাবে বাস্তবায়নের পরামর্শ প্রদান করেন। সিরাজগঞ্জ পৌরসভা থেকে প্রকল্প বাস্তবায়নে সকল প্রকার সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

এনহান্স রেসিলেন্স টোয়ার্ডস কোভিড এন্ড কনসিকোয়েন্সস-ইআরসিসি প্রকল্পটি সিরাজগঞ্জ পৌরসভার ০৬ টি ওয়ার্ডের ১৭ টি বস্তিতে বসবাসকারি জনগোষ্টির জন্য কোভিড-১৯ থেকে সুরক্ষা জোরদার করতে বাস্তবায়ন করছে। মূলত জলবায়ু প্রভাবের ফলে ক্ষতিগ্রস্থ দরিদ্র ও হতদরিদ্র পরিবারের ওয়াশ, আইজিএ, আবাসন উন্নয়ন, কোভিড-১৯ বিষয়ে সচেতনতা, স্বাস্থ্য ও পুষ্টি নিয়ে কাজ করবে।

বক্তব্য দিচ্ছেন এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান।

অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান, প্যানেল মেয়র-১ মো. নূরুল হক, সিরাজগঞ্জ প্রেসক্লাবের সভাপতি মো. হেলাল আহমেদ, ব্র্যাক ইউডিপির- প্রোগ্রাম ম্যানেজার সজল কুমার সাহা এবং এসকেএস ফাউন্ডেশনের ম্যানেজার (এমএফ) মো. ফজলুর রহমান প্রমুখ। এছাড়াও অনুষ্ঠানে জেলা সমাজ সেবা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ মতিয়ার রহমান, সিরাজগঞ্জ সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. জাহিদুল ইসলাম, সিরাজগঞ্জ পৌরসভার নির্বাহী প্রকৌশলী মো. আব্দুস সালাম মিয়া এবং কমিউনিটির সিডিও-সিডিসি এর প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সিরাজগঞ্জ পৌরসভার সমাজ উন্নয়ন কর্মকর্তা এস. এম. শাহ্ আলম এর পরিচালনায় প্রকল্প সম্পর্কে বিস্তারিত উপস্থাপন করেন ইআরসিসি প্রকল্প সমন্বয়কারী শেখ মিজানুর রহমান।

কুড়িগ্রাম জেলায় 'এনডিপি পাড়া'

গ্রীণ ক্লাইমেট ফান্ড (জিসিএফ) এর অর্থায়নে এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সার্বিক সহযোগিতায় Extended Community Climate Change Project-Flood (ECCCP-Flood) প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। কুড়িগ্রাম জেলার চিলমারী উপজেলার ০৪ টি

এনডিপি পাড়ার উদ্বোধন করছেন পিকেএসএফ এর উপ-ব্যবস্থাপনা পরিচালক-৫ ড. ফজলে রাব্বি ছাদেক আহমাদ।

(অষ্টমিরচর, নয়ারহাট, চিলমারী ও রমনা) ইউনিয়নে এবং চর রাজীবপুর উপজেলার ০১ টি (কোদালকাটি) ইউনিয়নে প্রকল্প বাস্তবায়ন করছে বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)। মূলত বন্যাপ্রবণ জনগোষ্ঠীর বন্যা মোকাবেলায় সক্ষমতা বৃদ্ধি করতেই প্রকল্পটি নিয়মিতভাবে কাজ করে যাচ্ছে। প্রকল্পটির আওতায় ব্রহ্মপুত্র নদের ভাঙ্গনে বাস্তুহারা, বানভাসি হতদরিদ্র চরবাসীদের একত্রিত করে চিলমারী উপজেলার নয়ারহাট ইউনিয়নের দঃ খাউরিয়া গ্রামে এনডিপি গড়ে দিয়েছে উঁচু বসতভিটার সারি। উঁচুকৃত বসতভিটায় মাঁচাবিশিষ্ট ছাগলের ঘর, বন্যা সহনশীল নলকূপ ও স্বাস্থ্যসম্মত পায়খানা স্থাপন এবং দরিদ্র কৃষকদের বীজ ও সার সহায়তা দিয়ে এনডিপি গড়ে তুলেছে একটি সম্পূর্ণ নতুন বসতি। বানভাসি দরিদ্র জনগোষ্ঠী তাই ভালবেসে তাদের পাড়ার নাম দিয়েছে **'এনডিপি পাড়া'**।

এলক্ষ্যে ১২ ডিসেম্বর ২০২২, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর উপ-ব্যবস্থাপনা পরিচালক-৫ ড. ফজলে রাব্বি ছাদেক আহমাদ মহোদয়ের নেতৃত্বে পিকেএসএফ-এর একটি পরিদর্শক দল প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম ও এনডিপি পাড়া পরিদর্শন করেন। এসময় তিনি "এনডিপি পাড়া"র ফলক উন্মোচন করে নব প্রতিষ্ঠিত এনডিপি পাড়া'র শুভ উদ্বোধন করেন এবং নিম গাছের চার রোপন করেন। পরে তিনি এনডিপি পাড়ায় বসবাসকারী জনগোষ্ঠীর সাথে মতবিনিময় করেন ও প্রকল্পের প্রতিটি কার্যক্রম সম্পর্কে অবগত হন। পরিদর্শন দলে উপস্থিত ছিলেন পিকেএসএফ এর প্রোগাম অফিসার (পরিবেশ ও জলবায়ু পরিবর্তন) মোঃ ইফতেখার কায়সার, এনডিপি'র পরিচালক (পিআরএম) ড. এবিএম সাজ্জাদ হোসেন, প্রকল্প সমন্বয়কারী (ইসিসিসিপি–ফ্লাড) মোঃ হাবিবুর রশিদসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

জেলা ক্ষুদ্রঋণ সংস্থা সমূহের সমন্বয় সভা

সিরাজগঞ্জ জেলার আওতাধীণ ক্ষুদ্রঋণ সংস্থাগুলোর প্রথম সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। ২৯ নভেম্বর (মঙ্গলবার) সকাল ১০ ঘটিকায় জেলা প্রশাসকের কার্যলয় শহীদ শামসুদ্দিন সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। জেলার সুযোগ্য জেলা প্রশাসক ড.ফারুক আহম্মেদ মহোদয়ের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলা ক্ষুদ্রঋণ সমন্বয় কমিটির সম্মানিত সদস্যবৃন্দ ও সিরাজগঞ্জ জেলায় কর্মরত সকল মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটির লাইসেন্স প্রাপ্ত ক্ষুদ্রঋণ সংস্থার নির্বাহী প্রধান/প্রতিনিধিগণ। এসময় ক্ষুদ্রঋণ সেক্টরের জাতীয় এবং জেলা পর্যায়ের কার্যক্রম এমআরএ-এর কার্যক্রম ও বিভিন্ন দায়িত্ব সংক্রান্ত তথ্য বহুল পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন জেলা ক্ষুদ্রঋণ সমন্বয় কমিটির ফোকাল পারসন ও এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচির পরিচালক মোসলেম উদ্দিন আহমেদ।

প্রেজেন্টেশন শেষে উন্মুক্ত আলোচনায় অংশ গ্রহণ করেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মো. মোবারক হোসেন, এনডিপি'র প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান, সুক এর নির্বাহী পরিচালক মোঃ আনোয়ার হোসেন, পরিচালক (আইজিএ)-এমএমএস মোঃ আশরাফুজ্জামান সেলিম, সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার সিভিল সার্জন অফিস মোঃ ইমান আলী, নির্বাহী পরিচালক-নারী ও শিশু কল্যান সংস্থা হোসনেয়ারা লাভলী, নির্বাহী পরিচালক-এমডিও মোঃ মাসউদ রোকনী, জোনাল ম্যানেজার-টিএমএসএস মোঃ ইসহাক আলী, জোনাল ম্যানেজার- ব্যুরো বাংলাদেশ আবুল হোসেন মিয়াসহ বিভিন্ন বেসরকারী উন্নয়ন সংস্থার প্রতিনিধিবৃন্দ। সভা পরিচালনা করেন সিরাজগঞ্জ জেলার সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট রাশেদ হোসাইন।

সভার সমাপনী আলোচনায় জেলা প্রশাসক ড.ফারুক আহম্মেদ মহোদয় বলেন, ক্ষুদ্রঋণ কার্যক্রম দেশের গ্রামীণ অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তিনি আরো বলেন যেহেতু প্রান্তিক জনগোষ্ঠী নিয়ে কাজ করতে হয় সেহেতু কর্যক্রম পরিচালনায় আরো সর্তক হতে হবে। এছাড়াও কাজের মাধ্যমে মানুষের জীবন মানের উন্নয়ন সংক্রান্ত পরিবর্তনের ছাপ দৃশ্যমান হয় সেলক্ষ্যে কাজ করার জন্য পরামর্শ দেন। সভা শেষে জেলা প্রশাসক মহাদয় যুগ্ন সচিব পদে পদোন্নতি ও বদলী জনিত কারণে তাকে ক্ষুদ্রঋণ সংস্থার পক্ষথেকে ফুল দিয়ে বিদায়ী শুভেচ্ছা জানানো হয়।

বিদায়ী জেলা প্রশাসককে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন এনডিপি'র নির্বাহী পরিচালকসহ আরো অনেকেই।

ডিএইচআরএনএস প্রকল্পের আন্তর্জাতিক মানবাধিকার দিবস-২০২২

সভায় উপস্থিত আছেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) গনপতি রায়।

মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশনের সহযোগিতায় ১০ ডিসেম্বর, আন্তর্জাতিক মানবাধিকার দিবস উপলক্ষ্যে শোভাযাত্রা ও আলোচনা সভার আয়োজন করা হয়। ডিফেন্ডিং হিউম্যান রাইটস্ থ্রু নেটওয়ার্ক স্ট্রেন্দেনিং (ডিএইচআরএনএস) প্রকল্পের আওতায় সিরাজগঞ্জ জেলা শহরে এ আয়োজন করে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)।

'মর্যাদা, স্বাধীনতা ও ন্যায়বিচার' প্রতিপাদ্য বিষয় নিয়ে দিবসটি যথাযতভাবে পালন করা হয়। বাংলাদেশ মানবাধিকার কমিশন, সিরাজগঞ্জ জেলা শাখার সভাপতি এবং পিপি বীর মুক্তিযোদ্ধা এ্যাডঃ আব্দুর রহমান এর সভাপতিত্বে শোভাযাত্রার শুভ উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) গনপতি রায়। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ মানবাধিকার কমিশন সিরাজগঞ্জ জেলা শাখার সাধারণ সম্পাদক আলহাজ এ্যাডঃ রেজাউল করিম রাখাল ও সিরাজগঞ্জ প্রেস ক্লাবের সভাপতি হেলাল আহমেদ।

অনুষ্ঠান পরিচালনার পাশাপাশি স্বাগত বক্তব্য প্রদান করেন এনডিপি'র উপপরিচালক (এমএন্ডই) ও প্রোগ্রামের ফোকাল পারসন কাজী মাসুদুজ্জামান। আলোচনা সভায় বক্তব্য রাখেন সিরাজগঞ্জ জামে মসজিদ এর ইমাম মওলানা মোঃ শহিদুল ইসলাম, হিন্দু বৌদ্ধ ও আদিবাসী ফোরাম এর সাংগঠনিক সম্পাদক পরেশ চন্দ্র মাহাতো, এনডিপির প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসূচির উপব্যবস্থাপক এবং হিউম্যান রাইটস ডিফেন্ডারস শিপন চন্দ্র নাগ প্রমূখ। এছাড়াও অনুষ্ঠানে আইনজীবি, শিক্ষক, ছাত্র-ছাত্রী, হিউম্যান রাইটস ডিফেন্ডারসগণ, সাংবাদিকসহ সুশিল সমাজের প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।

সমৃদ্ধি কর্মসূচির 'জাতীয় যুব দিবস -২০২২'

পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে সমৃদ্ধি কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। নাটোর জেলার গুরুদাসপুর উপজেলায় এবং পাবনা জেলার বেড়া উপজেলায় কর্মসূচি বাস্তবায়ন করছে উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)। শিক্ষা, স্বাস্থ্য ও মানুষের জীবনমান উন্নয়নের পাশাপাশি কর্মসূচিটি বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। নিয়মিত কার্যক্রমের সাথেসাথে গুরুদাসপুর উপজেলা যুব উন্নয়ন কার্যালয়ের সম্মিলিত প্রচেষ্টায় **"জাতীয় যুব দিবস-২০২২"** উদযাপন করা হয়।

১লা নভেম্বর, দিবসটি উপলক্ষ্যে উৎসব মুখর পরিবেশে বর্নাঢ্য র‍্যালী ও আলোচনা সভার আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নাটোর-৪ আসনের মাননীয় সংসদ সদস্য (গুরুদাসপুর-বড়াইগ্রাম) আলহাজ্ব অধ্যাপক আব্দুল কুদ্দুস এমপি। গুরুদাসপুর উপজেলা নির্বাহী অফিসার শ্রাবনী রায় এর সভাপতিত্বে আলোচনা সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোঃ ফজলুর রহমান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গুরুদাসপুর উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান মোঃ আলাল শেখ, মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ রোকসানা আক্তার (লিপি)। অনুষ্ঠানে প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন **"প্রশিক্ষিত যুবক, উন্নত দেশ ,বঙ্গবন্ধুর বাংলাদেশ"** প্রতিপাদ্যকে সামনে রেখে এ বছর দেশব্যাপী **"জাতীয় যুব দিবস-২০২২"** উদযাপন করা হচ্ছে। তিনি বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এই যুবদের মাধ্যমে দেশ গড়ার স্বপ্ন দেখতেন। তিনি আরো জানান করোনা মহামারীসহ বিভিন্ন প্রাকৃতিক দূর্যোগ মোকবেলায় বর্তমান প্রধানমন্ত্রীর ভূমিকা দেশ ও বিদেশে বহুলভাবে প্রশংশিত হচ্ছে। প্রধানমন্ত্রীর উদ্যোমী ও মানবিক গুনাবলীকে যুবদের মাঝে ছড়িয়ে দিতে হবে। আজকের এই জাতীয় যুব দিবস-২০২২ এর আয়োজনে দেশের সকল যুব সমাজকে দেশ গড়ার কাজে এগিয়ে এসে সুখী সমৃদ্ধশালী দেশ গড়ার প্রত্যয় ব্যাক্ত করে বক্তব্য শেষ করেন। এছাড়াও আলোচনা সভায় উপজেলা কৃষি অফিসার মোঃ হারুন অর রশিদ, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ডাক্তার মোঃ আলমগীর হোসেন, উপজেলা সমবায় অফিসার মোঃ সোহেল রানা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা রেখা পারভীন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোঃ ফজলুর রহমান, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ খ.ম. জাহাঙ্গীর হোসেনসহ সমৃদ্ধি কর্মসূচরি সমন্বয়কারী মোঃ কছিম উদ্দিন ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত আছেন নাটোর-৪ আসনের মাননীয় সংসদ সদস্য (গুরুদাসপুর-বড়াইগ্রাম) আলহাজ্ব অধ্যাপক আব্দুল কুদ্দুস এমপি।

এনডিপি বার্তা

NDP

অক্টোবর-ডিসেম্বর, ২০২২। সংখ্যা ৩৪। বর্ষ ১৪

টেকনিক্যাল ইনস্টিটিউট'র প্রশিক্ষণার্থীদের সনদপত্র বিতরণ

সার্টিফিকেট বিতরণ করছেন পরিচালক (কর্মসূচি), পরিচালক (সিএসপি) ও উপ-পরিচালক (কর্মসূচি)।

এনডিপি'র ইসিএসটি প্রকল্পের আওতায় প্রতিষ্ঠিত 'এনডিপি টেকনিক্যাল ইনস্টিটিউট' এর উদ্যোগে ০২ মাস মেয়াদী **'ইলেকট্রিক্যাল হাউস ওয়্যারিং'** প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের মাঝে আনুষ্ঠানিকভাবে সনদপত্র বিতরণ করা হয়। ২৪ নভেম্বর ২০২২ তারিখে পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল এর সভাপতিত্বে সংস্থার প্রধান কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে সনদপত্র বিতরণ করেন এনডিপি'র উপ-পরিচালক (কর্মসূচি) আবু নাইম মো. জুবায়ের খান।

এনডিপি টেকনিক্যাল ইনস্টিটিউট এর অধ্যক্ষ মো: সাখাওয়াত হোসেন খান এর সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঋন সহায়তা কর্মসূচির পরিচালক মোসলেম উদ্দিন আহমেদ। প্রধান অতিথির বক্তৃতায় আবু নাইম মো. জুবায়ের খান বলেন, ''বর্তমান যুগ কারিগরী জ্ঞান ও দক্ষতার যুগ। পড়ালেখা শেষ করে যুবশ্রেণী চাকুরীর আশায় বসে না থেকে এনডিপি টেকনিক্যাল ইনস্টিটিউট হতে কারিগরী প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টির উদ্দেশ্যে সফল উদ্যোক্তা হওয়ার চ্যালেঞ্জ গ্রহণ করতে পারে। নিজ কর্মসংস্থানের জন্য কেউ উদ্যোগী হতে চাইলে, এনডিপি হতে তাকে মূলধন সরবরাহের পাশাপাশি কারিগরী ও কৌশলগত সহযোগিতা করা হবে।'' টেকনিক্যাল ইনস্টিটিউট এর এই উদ্যোগ ধারাবাহিকভাবে অব্যাহত থাকবে বলে তিনি এসময় উল্লেখ করেন।

উল্লেখ্য **''প্রশিক্ষণ নিন, নিজের কর্ম-সংস্থান নিজেই তৈরি করুন''** প্রতিপাদ্যকে সামনে নিয়ে ০২ জুলাই থেকে ০২ মাস মেয়াদী 'ইলেকট্রিক্যাল হাউস ওয়্যারিং' প্রশিক্ষণের কার্যক্রম শুরু হয়। এরই ধারাবাহিকতায় ২০জন প্রশিক্ষণার্থীর মাঝে এই সনদপত্র বিতরণ করা হয়।

সিইএমবি প্রকল্পের বিভিন্ন কর্মসূচি

মহিলা বিষয়ক অধিদপ্তর ও বাংলাদেশ শিশু একাডেমী পাবনা ও জয়পুরহাট এর উদ্যোগে এবং এনডিপি-সিইএমবি প্রকল্পের সহযোগিতায় জাতীয় কন্যাশিশু দিবস-২০২২ উদযাপিত হয়। উক্ত দিবসের প্রতিপাদ্য বিষয় ছিল **''সময়ের অঙ্গীকার, কন্যাশিশুর অধিকার''**।

এছাড়াও জেলা বাল্যবিবাহ প্রতিরোধ কমিটির আয়োজনে এবং এনডিপি-সিইএমবি প্রকল্পের সহযোগিতায় পাবনা ও জয়পুরহাট জেলায় ''বাল্যবিবাহ প্রতিরোধ দিবস'' উদযাপিত হয়।

উদযাপিত দিবস সমূহের আলোচনায় বক্তাগণ কন্যাশিশুর অধিকার ও বাল্যবিবাহের কুফল ও বাল্যবিবাহ নিরোধ আইন নিয়ে গুরুত্ব সহকারে আলোচনা করেন। উল্লেখ্য যে আলোচনায় কন্যাশিশুরাও বাল্য বিবাহের কুফল ও তাদের অধিকার বিষয়ে গুরুত্বপূর্ণ মতামত তুলে ধরেন।

এছাড়াও পাবনা ও জয়পুরহাট জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত ''আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ-২০২২'' উদযাপন করা হয়। অনুষ্ঠানে এনডিপি সিইএমবি প্রকল্প অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে অংশগ্রহণ করেন।

কন্যাশিশু দিবস-২০২২ এর অংশ বিশেষ।

উল্লেখ্য Combating Early Marriage in Bangladesh প্রকল্পটি প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ এর অর্থায়নে বাস্তবায়িত হচ্ছে।

এক নজরে এনডিপি'র ঋণ সহায়তা কার্যক্রমের অগ্রগতি

এনডিপি উন্নয়ন সহযোগি সংস্থার সাথে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করার পাশাপাশি ১৯৯২ সাল থেকে ঋণ সহায়তা কর্মসূচি বাস্তবায়ন করছে। কর্মসূচিটি এনডিপি'র নিজস্ব ও পিকেএসএফ এর অর্থায়নে ১০২টি শাখার মাধ্যমে পরিচালিত হচ্ছে। এনডিপি কর্তৃক অর্জিত কর্মসূচিটির বর্তমান চিত্র নিচের ছকে তুলে ধরা হলো;

ক্রঃ নং	বিবরণ	ডিসেম্বর' ২০২২	ক্রঃ নং	বিবরণ	ডিসেম্বর' ২০২২	ক্রঃ নং	বিবরণ	ডিসেম্বর' ২০২২
১	শাখার সংখ্যা	১০২	৯	মোট বকেয়া (কোটি টাকায়)	৭.৮২	১৭	কর্মী ঃ ঋণী সদস্য	১:২৩১
২	মোট সদস্য জন	১,২৩,৮৯০	১০	ঋণ আদায়ের হার	৯৯.৭৮%	১৮	সমিতি ঃ সদস্য	১:১৫
৩	ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরন (কোটি টাকায়)	৪০৩১.৭৩	১১	On Time Realization (OTR)	৯৮.৯৮%	১৯	সমিতি ঃ ঋণী সদস্য	১:১২
৪	ক্রমপুঞ্জিভূত ঋণ আদায় (কোটি টাকায়)	৩৫৭৩.৬২	১২	Liquidity Ratio	৪.৪৬%	২০	কর্মীঃ ঋণ স্থিতি (লাখ টাকায়)	১:১০৭.৫৪
৫	ঋণ স্থিতি (কোটি টাকায়)	৪৫৮.১১	১৩	Port folio At Risk	২.১০%	২১	কর্মী ঃ সঞ্চয় স্থিতি (লাখ টাকায়)	১:২৯.৩৪
৬	সদস্যদের সঞ্চয় স্থিতি (কোটি টাকায়)	১২৫.০০	১৪	Delinquent Ratio	১.৭১%	২২	ষ্টাফ ঃ ঋণী সদস্য	১:১২৯
৭	ক্রমপুঞ্জিভূত নীট তহবিল (কোটি টাকায়)	১৮২.৫৭	১৫	Debt : Equity	১.৭২:১			
৮	ঋণী কভারেজ	৭৯.৬০%	১৬	কর্মী ঃ সদস্য	১:২৯১			

এসইপি (তাঁত) প্রকল্পের অগ্নি নির্বাপণ মহড়া

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে এবং সার্বিক সহযোগিতায় সাস্টেনেইবল এন্টারপ্রাইজ প্রজেক্ট এসইপি (তাঁত) প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর দক্ষ ব্যবস্থাপনায় প্রকল্পটি সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ সদর, বেলকুচি ও কামারখন্দ উপজেলায় বাস্তবায়ন করছে। প্রকল্পের নিয়মিত সকল কাজের পাশাপাশি তাঁত সংশ্লিষ্ট ক্ষুদ্র উদ্যোক্তা, তাঁত কারখানার মালিক-শ্রমিক ও স্কুল-মাদ্রাসার শিক্ষার্থীদের নিয়ে অগ্নি নির্বাপণ মহড়ার আয়োজন করা হয়।

অগ্নি নির্বাপণ প্রশিক্ষণের অংশ বিশেষ

৮ নভেম্বর (মঙ্গলবার), পাইকোশা সরকারি প্রাথমিক বিদ্যালয় ও ইসলামনগর দারুস সুন্নাত ফাজিল মাদ্রাসা প্রাঙ্গনে অগ্নি নির্বাপণ মহড়া পরিচালনা করেন সিরাজগঞ্জ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স। সংস্থার নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান এর নির্দেশনা অনুযায়ী মহড়ার আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রকল্পের ব্যবস্থাপক মো. আশরাফুজ্জামান। মূলত তাঁত উদ্যোগে অগ্নি দুর্ঘটনা প্রতিরোধ ও জনসচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে এ মহড়ার আয়োজন করা হয়। স্থানীয় বাসিন্দা, তাঁত কারখানার মালিক-শ্রমিক ও স্কুল-মাদ্রাসার ছাত্র-ছাত্রীরা উৎসাহ ও আগ্রহের সাথে মহড়ায় উপস্থিত থেকে আগুন নেভানোর বিভিন্ন কলাকৌশল সম্পর্কে অবগত হন। মহড়ায় স্থানীয় জনপ্রতিনিধি ও গণ্যমান্য ব্যক্তিবর্গসহ আরও উপস্থিত ছিলেন প্রকল্পের টেকনিক্যাল অফিসার মো. সাখাওয়াত হোসেন, পরিবেশ অফিসার মো. মুস্তাফিজুর রহমান, রিপোর্টিং এন্ড ডকুমেন্টশন অফিসার মো. আশিক আহমেদ ও ফাইন্যান্স প্রকিউরমেন্ট অফিসার সুকানন্ত গোলদার প্রমুখ।

লাইভস্টক রিস্ক মিটিগেশন প্রোগ্রামের খামারী প্রশিক্ষণ

বক্তব্য দিচ্ছেন বেড়া উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মোঃ মিজানুর রহমান।

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সার্বিক সহযোগিতায় লাইভস্টক রিস্ক মিটিগেশন প্রোগ্রাম (এলআরএমপি) প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। Swiss Agency for Development and Cooperation (SDC)-এর অর্থায়নে প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম বাস্তবায়ন করছে দেশের অন্যতম বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)। প্রকল্পটি গবাদি প্রাণির সুরক্ষা নিশ্চিতের মাধ্যমে প্রান্তিক খামারীর জীবনমান উন্নয়নে নানাবিধ কার্যক্রম বাস্তবায়ন করছে।
এর-ই ধারাবাহিক কার্যক্রমের অংশ হিসেবে ১৯ অক্টোবর, ঋণ সহায়তা কর্মসূচির চাকলা শাখায় গরু মোটাতাজাকরনের উপর খামারীদের প্রশিক্ষনের আয়োজন করা হয়। এতে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন পাবনা জেলার বেড়া উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ডা. মোঃ মিজানুর রহমান। তিনি প্রশিক্ষণে গরু লালন পালনে কৃমিনাশকরণ ও নিয়মিত টিকা প্রদানের তাৎপর্য আলোচনা করেন। একইসাথে গরু মোটাতাজাকরনে গরু নির্বাচন, কোয়ারেন্টাইন, বাসস্থান ও সুষম খাদ্য নিশ্চিত করার বিষয়ে উপস্থিত সকলকে অবহিত করেন।
প্রশিক্ষণে আরো উপস্থিত ছিলেন প্রকল্পের লাইভস্টক অফিসার ডা. মোঃ সাজ্জাদ হোসেন, সমৃদ্ধি কর্মসূচির প্রজেক্ট কোঅর্ডিনেটর চিন্ময় রায়, এরিয়া ম্যানেজার মোঃ জাকির হোসেন, শাখা ম্যানেজার মোঃ জাহিদুল ইসলাম, সম্প্রসারণ কর্মকর্তা বাবুল হোসেন।
উল্লেখ্য প্রকল্পটি সিরাজগঞ্জ, নাটোর, জামালপুর ও পাবনার জেলার ১২টি উপজেলার ৩১টি শাখায় বাস্তবায়িত হচ্ছে। তাই এ অঞ্চলের আওতাভূক্ত খামারীদের নিয়মিত প্রশিক্ষন প্রদান, ভ্যাক্সিনেশন ক্যাম্প, গবাদী প্রাণি সুরক্ষা সেবা গঠনসহ বিভিন্ন সেবামূলক কার্যক্রমে সম্পৃক্ত করা হচ্ছে।

এসইপি (ডেইরী) প্রকল্পের পরিবেশ সনদ বিষয়ক কর্মশালা

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহযোগিতায় সাস্টেনেইবল এন্টারপ্রাইজ প্রজেক্ট-এসইপি (ডেইরী) প্রকল্পের আওতায় “বাংলাদেশে যমুনা নদীবাহিত উত্তরাঞ্চলের ডেইরী বিজনেজ ক্লাস্টারকে নিরাপদ দুগ্ধ ও দুগ্ধজাতপণ্য উৎপাদনের জন্য পরিবেশ উন্নয়নের অনুশীলন প্রচার করা” উপ-প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। সিরাজগঞ্জ জেলার ২টি উপজেলার ৭টি ইউনিয়নে ৪৫ টি গ্রামের ৩০০০ উপকারভোগীকে নিয়ে কার্যক্রম বাস্তবায়ন করছে দেশের অন্যতম বেসরকারী স্বেচ্ছাসেবী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)। পরিবেশবান্ধব আধুনিক প্রযুক্তি গ্রহণের মাধ্যমে প্রতিযোগিতামূলক ডেইরী উদ্যোক্তাদের শক্তিশালী করা এবং দুগ্ধজাত পণ্য উচ্চ মূল্যের বাজারে প্রবেশ করানোই প্রকল্পের মূললক্ষ্য।

বক্তব্য দিচ্ছেন শাহজাদপুর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ মাহফুজুর রহমান।

কর্মসূচির অংশ হিসেবে ২০ অক্টোবর, শাহজাদপুর উপজেলার দুগ্ধজাত পণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের নিয়ে উপজেলা প্রাণিসম্পদ অফিস হল রুমে পরিবেশ সনদ বিষয়ক কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ পরিবেশ অধিদপ্তর এর সহকারী পরিচালক মোঃ আব্দুল গফুর ও শাহজাদপুর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ মাহফুজুর রহমান। এসময় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা দুগ্ধজাত পণ্য উৎপাদনকারীদের মাঠ পর্যায়ের প্রধান সমস্যা বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে বক্তব্য দেন। পণ্যের গুণগত মানের পাশাপাশি দুগ্ধজাত পণ্য উৎপাদনকারীদের হ্যান্ড গ্লোবস্, হেয়ার নেট, এপ্রোন এবং নিয়মিত মাস্ক ব্যবহার করার জন্য পরামর্শ দেন। পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক মোঃ আব্দুল গফুর বলেন, যারা খামার বা দুগ্ধজাতপণ্য উৎপাদন করে ব্যবসা করছেন, তাদের পরিবেশ বিষয়ক ছাড়পত্র অবশ্যই দরকার হবে, সরকার এ ব্যাপারটি গুরুত্বের সঙ্গে দেখছে। পরিবেশ ছাড়পত্র পেতে কি কি কাগজপত্রের প্রয়োজন পড়ে এবং প্রক্রিয়ার ধাপ গুলো সম্বন্ধে আলোচনা করেন। দ্রুত পরিবেশ বিষয়ক ছাড়পত্র গ্রহণের জন্য পরামর্শ দেন এবং পরিদর্শন সাপেক্ষে পরিবেশ অধিদপ্তর থেকে সার্বিক সহযোগিতা করা হবে বলে আশ্বাস প্রদান করেন। এছাড়াও প্রকল্প ব্যবস্থাপক মোঃ আব্দুল মালেক আকন্দ, লাইভস্টক অফিসার ডাঃ মোঃ তৌফিকুল হক, পরিবেশ কর্মকর্তা মাহমুদুর রহমান ও প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডাঃ সোনালী খাতুনসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচির বিশেষ চক্ষু ক্যাম্প

চক্ষু সেবা প্রদানের বিশেষ ক্যাম্প।

এনডিপি'র সিএসআর ফান্ড হতে পরিচালিত প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচির আয়োজনে এবং প্রফেসর এম. এ. মতিন মেমোরিয়াল বিএনএসবি বেজ আই হসপিটাল সিরাজগঞ্জ ও সাইটসেভার্স এর সহযোগিতায় বিশেষ চক্ষু ক্যাম্পের আয়োজন করা হয়। ১৩ ডিসেম্বর, এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচির বাগবাটি শাখায় প্রতিবন্ধী ও প্রবীণ নারী-পুরুষদের দৃষ্টি সমস্যা সমাধানে বিশেষ এ ক্যাম্পের আয়োজন করা হয়।
এনডিপি'র দিনব্যাপি আয়োজনে ১৮৬ জন চক্ষু সংক্রান্ত বিভিন্ন সেবা প্রদান করা হয়। এর মধ্যে ১৭১ জনকে চশমাসহ বিনামূল্যে ঔষধ প্রদান করা হয় এবং ১৫ জনকে চোখের ছানি অপারেশনের ব্যবস্থা করা হয়। চক্ষু সেবা প্রদান করেন সাইটসেভার্স এর অফথ্যালমিক মোঃ নজরুল ইসলাম খান, রিফ্রাকশনিস্ট মোঃ ইউনুস আলী ইকবাল ও অর্গানাইজার মোঃ সাদবিন ইবনে তালহা। প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসূচির উপব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ এর পরিচালনায় ক্যাম্পে উপস্থিত থেকে দিনভর কার্যক্রম পর্যবেক্ষণ করেন সংস্থার ঋণ সহায়তা কর্মসূচির জোনাল ম্যানেজার (জোন-১) মোঃ ওমর ফারুক। উল্লেখ্য ক্যাম্প হতে নির্ধারিত ১৫ জন নারী ও পুরুষকে প্রফেসর এম.এ. মতিন মেমোরিয়াল বিএনএসবি আই হসপিটাল সিরাজগঞ্জে অপারেশন সম্পন্ন হয়।

কৃষি ইউনিটের 'দুই দিনব্যাপী প্রশিক্ষণ'

বক্তব্য দিচ্ছেন সিরাজগঞ্জ জেলার উপ পরিচালক (কৃষি) বাবলু কুমার সুত্রধর।

উচ্চ ফলনশীল নতুন ধানের জাত ও নতুন ফসলজাত প্রচলনের উপর দুই দিনব্যাপী কৃষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে পরিচালিত সমন্বিত কৃষি ইউনিটের আওতায় এ আয়োজন করা হয়। ২১ ও ২২ নভেম্বর, সংস্থার ঋণ সহায়তা কর্মসূচির শিয়ালকোল শাখায় আয়োজিত প্রশিক্ষণে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলার উপ পরিচালক (কৃষি) বাবলু কুমার সুত্রধর ও সিরাজগঞ্জ জেলার আঞ্চলিক ধান গবেষণা প্রতিষ্ঠানের মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. এম এ বাদশাহ।
উপ পরিচালক তার বক্তব্যে বলেন ''২০২৩ সাল বাংলাদেশসহ সারা বিশ্বে দুর্ভিক্ষের পূর্বাভাস পাওয়া যাচ্ছে। কাজেই কৃষির উৎপাদন বাড়াতে হবে। সেজন্য কোন জমি অনাবাদি রাখার সুযোগ নেই। শাক সবজিসহ বিভিন্ন শস্যের ভাল মূল্য পাওয়ার জন্য অবশ্যই আগাম এবং নাবি জাতের উচ্চ মূল্যের শস্য চাষ করতে হবে। জমিতে প্রয়োজনের অতিরিক্ত রাসায়নিক সার এর ব্যবহার থেকে বিরত থাকতে হবে।''
বৈজ্ঞানিক কর্মকর্তা বলেন, ''শস্যের উৎপাদন বাড়াতে হলে অবশ্যই বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান থেকে উদ্ভাবিত উচ্চ ফলনশীল ফসলের জাত ব্যবহার করতে হবে। দিন দিন আমাদের দেশের আবাদি জমি হ্রাসের কারণে নিয়মতান্ত্রিক কৃষি ব্যবস্থা গড়ে তুলতে হবে। সেজন্য জমির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে। জমির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হলে আধুনিক এবং স্বল্প মেয়াদি বিভিন্ন ফসলের জাতের চাষাবাদ করতে হবে। বাংলাদেশে বর্তমানে ভোজ্য তেলের মূল্য ক্রয় ক্ষমতার বাহিরে চলে যাচ্ছে। কিন্ত দেশের কৃষকেরা তাদের জমিতে ইচ্ছে করলে স্বল্প মেয়াদি ধানের জাত ব্রিধান ৭৫ আবাদ করে অনায়াসে পরবর্তি ফসল বারি সরিষা ১৪ অথবা ১৭ চাষ করতে পারে। এর ফলে ভোজ্য তেলের চাহিদা অনেকাংশে পূরণ করা সম্ভব।'' প্রশিক্ষণ সমাপনীতে কৃষকদের মাঝে বারি বেগুন-১২ (কেজি বেগুন) চারা বিতরণ করা হয়। দুইদিনে সমন্বিত কৃষি ইউনিটের ৫০জন কৃষককে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ পরিচালনা করেন কর্মসূচির সমন্বয়কারী কৃষিবিদ মুহাম্মদ আবদুল হালিম।

দরিদ্র মায়ের জন্য মাতৃত্বকালীন ভাতা প্রদান কর্মসূচির সচেতনতামূলক সভা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক 'দরিদ্র মায়ের জন্য মাতৃত্বকালীন ভাতা প্রদান কর্মসূচি' বাস্তবায়িত হচ্ছে। কক্সবাজার জেলার কক্সবাজার সদর, চকরিয়া, উখিয়া, রামু, টেকনাফ, কুতুবদিয়া, পেকুয়া ও মহেশখালী উপজেলার ৭১টি ইউনিয়নে কর্মসূচির মাঠ পর্যায়ের কার্যক্রম বাস্তবায়ন করছে বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)।
এরই ধারাবাকিতায় ১৭ অক্টোবর, কর্মসূচির কর্মএলাকার আওতাধীন টেকনাফ উপজেলার সাবরাং ইউনিয়নে ভাতাভোগী মায়েদের স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করা হয়। এতে উপস্থিত ছিলেন সাবরাং ইউনিয়নের নির্বাচিত মহিলা কাউন্সিলর হাসিনা বেগম ও রাসেদা বেগম । প্রশিক্ষণে গর্ভবতী মায়ের যত্ন, নবজাতক শিশুর যত্ন, খাদ্য পুষ্টি, শীতকালে শিশুর যত্ন, শিশুর টীকাসহ পরিস্কার পরিচ্ছন্নতার বিষয়ে মায়েদের প্রশিক্ষণ প্রদান করা হয়। কর্মসূচির কক্সবাজার জেলা সমন্বয়কারী গোবিন্দ কুমার সরকার এর নির্দেশনা অনুযায়ী প্রশিক্ষণ পরিচালনা করেন কর্মসূচির ইউনিয়ন নারী উন্নয়ন কর্মী রুবিনা আক্তার।

অক্টোবর-ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শুরু বা শেষ হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ

ক্রঃ নং	প্রকল্পের নাম	দাতা সংস্থার নাম	কর্ম এলাকা	সময়কাল	উদ্দেশ্য
১.	ভিজিডি	মহিলা বিষয়ক অধিদপ্তর	সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলার ০৪টি ইউনিয়ন।	আগস্ট ০১, ২০২১ থেকে ডিসেম্বর ৩১, ২০২২	উপকারভোগীদের জীবন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান। উপকারভোগীদের বিভিন্ন আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডে সম্পৃক্ত করণ। উপকারভোগীদের নিয়মিত সঞ্চয় অভ্যাস গড়ে তোলা।
২.	ঝুকিপূর্ণ শিশু শ্রম নিরসন (রাজশাহী)	বাংলাদেশ সরকার	রাজশাহী সিটি কর্পোরেশন এলাকার ১৭,১৮,১৯ ও ২০ নং ওয়ার্ড।	জানুয়ারি ০১, ২০২২ থেকে অক্টোবর ৩১, ২০২২	ঝুঁকিপূর্ণ শিশুশ্রমের সাথে সম্পৃক্ত শিশুদের আনুষ্ঠানিক শিক্ষা প্রদান ও দক্ষতা উন্নয়নে শিক্ষা প্রদান।
৩.	ARMCCI	ইউএনডিপি	সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ সদর ও রায়গঞ্জ উপজেলা।	নভেম্বর ০৭, ২০২২ থেকে ডিসেম্বর ৩১, ২০২২	মানবাধিকারের প্রভাবে জলবায়ু পরিবর্তন জণিত প্রভাব বিষয়ে সচেতনতা সৃষ্টি। মানবাধিকারের প্রভাব জলবায়ু প্রভাব মোকাবেলা প্রতিরোধ গড়ে তোলা।

বিদায়ী জেলা প্রশাসককে ফুলেল শুভেচ্ছা প্রদান

বিদায়ী জেলা প্রশাসক মহোদায়কে ফুলেল শুভেচ্ছা জানান সংস্থার নির্বাহী পরিচালক ও উপপরিচালক (কর্মসূচি)।

সিরাজগঞ্জের জেলা প্রশাসক ড. ফারুক আহাম্মদ কর্মদক্ষতায় সম্প্রতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুগ্ম সচিব পদে পদোন্নতি পেয়েছেন। এসংবাদ প্রাপ্ত হয়ে জাতীয় পর্যায়ের বেসরকারি উন্নয়ন সংস্থা এনডিপি'র পক্ষ থেকে জেলা প্রশাসক ড. ফারুক আহাম্মদকে শুভেচ্ছা জানানো হয়।

৬ অক্টোবর, দুপুরে জেলা প্রশাসক ড. ফারুক আহাম্মদকে তার কার্যালয়ে এনডিপির পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানান সংস্থার নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। এসময় এনডিপির নির্বাহী পরিচালক সিরাজগঞ্জের উন্নয়নে বেসরকারি উন্নয়ন সংস্থাগুলোর কার্যক্রমে পরামর্শ ও সহযোগিতা প্রদানের কথা কৃতজ্ঞতার সাথে স্মরণ করেন এবং সিরাজগঞ্জের উন্নয়নে জেলা প্রশাসক এর কার্যক্রমের প্রশংসা করেন। এসময় নির্বাহী পরিচালকের সঙ্গে উপস্থিত ছিলেন সংস্থার উপপরিচালক আবু নাইম মো. জুবায়ের খান।

তায়কোয়ানদো প্রতিযোগিতায় স্বর্ণপদক জয়

নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ করে তাদের অধিকার নিশ্চিত করা ও নির্যাতনের শিকার নারীদের আইনী সহায়তা প্রদান করা এই লক্ষ্যকে সামনে রেখে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর স্ব-অর্থায়নে পরিচালিত জেন্ডার এন্ড রাইটস্ কর্মসূচিটি সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলায় বাস্তবায়ন করছে। এ কর্মসূচির অংশ হিসেবে প্রতি বছর কামারখন্দ উপজেলার বিভিন্ন এলাকার ২০জন ছেলে মেয়েকে আত্নরক্ষার জন্য আত্নরক্ষামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়।
অক্টোবর ২০২২, প্রশিক্ষণপ্রাপ্তদের মধ্য হতে ২জন জেলা ক্রীড়া সংস্থার মাধ্যমে ওয়ালটন ২য় ফেডারেশন কাপ তায়কোয়ানদো প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় দেশের ১০টি জেলার ৩৫০জন প্রতিযোগী অংশগ্রহণ করেন। এতে এনডিপি'র ২জন অংশগ্রহণকারী স্বর্ণ পদক অর্জন করেন। পদক প্রাপ্তদের পদক পরিয়ে দেন সংস্থার উপ-পরিচালক (কর্মসূচি) ও প্রোগ্রাম ফোকাল আবু নাইম মো. জুবায়ের খান। তিনি পদকপ্রাপ্তদের এনডিপি'র পক্ষ থেকে অভিনন্দন জানান এবং প্রশিক্ষককে আন্তরিকতার সাথে কাজ করার জন্য ধন্যবাদ জানান। তিনি এ কার্যক্রমকে আরো ত্বরান্বিত করার জন্য সকলকে উৎসাহ প্রদান করেন এবং তাদের সফলতা কামনা করেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন এনডিপি সিনিয়র প্রোগ্রাম অফিসার মো. ফজল করিম, সহকারী ব্যবস্থাপক (আরএন্ডডি) মো. জানাফার ইসলাম, প্রশিক্ষক শারমিন আকতার নিশি প্রমুখ।

সার্টিফিকেট তুলে দিচ্ছেন সংস্থার উপপরিচালক (কর্মসূচি) ও প্রোগ্রাম ফোকাল আবু নাইম মো. জুবায়ের খান।

আশা প্রকল্পের শিক্ষার মান উন্নয়নে ইস্যু ভিত্তিক এ্যাডভোকেসী সভা

সভায় উপস্থিত আছেন সিরাজগঞ্জ জেলার জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোঃ আমিনুল ইসলাম মন্ডল।

জেলা শিক্ষা প্রশাসনের সাথে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের শিক্ষার মান উন্নয়নে ইস্যু ভিত্তিক এ্যাডভোকেসী সভা অনুষ্ঠিত হয়েছে। ১২ অক্টোবর, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়ে সভার আয়োজন করা হয়। গণসাক্ষরতা অভিযান এর সহযোগিতায় এনডিপি কর্তৃক বাস্তবায়িত আশা প্রকল্পের আওতায় এ উদ্যোগ গ্রহণ করা হয়। এতে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলার জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোঃ আমিনুল ইসলাম মন্ডল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোঃ সাইফুল ইসলাম। রায়গঞ্জ উপজেলার ধানগড়া ইউনিয়নের কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সহ-সভাপতি ও ধানগড়া ডিগ্রি কলেজের প্রভাষক মোঃ ফরিদুল ইসলাম এর সভাপতিত্বে সভা পরিচালনা করেন প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসূচির উপব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ।
সভায় শিক্ষার মান উন্নয়নে বিভিন্ন চলমান ইস্যু নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিশেষ করে বিদ্যালয় থেকে ছাত্র/ছাত্রীদের ঝরে পড়া রোধ করা, বাল্যবিবাহ রোধ, শিক্ষা কর্মকর্তাগণ বিদ্যালয় পরিদর্শন বৃদ্ধি, এসএমসি সক্রিয় করণ, নিয়মিত মা সমাবেশ ও অভিভাবক সমাবেশ নিশ্চিতকরণ, নিয়মিত বাড়ি ভিজিট করাসহ বিভিন্ন শিক্ষা উন্নয়ন বিষয়ক প্রানবন্ত আলোচনা হয়।
এসময় জেলা প্রাথমিক শিক্ষা অফিসের এএমও মোঃ আব্দুল্লাহ আল ফারুক, সিরাজগঞ্জ সদর উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা মোঃ শাহা আলম, ধানগড়া ও পাঙ্গাসী ইউনিয়নের কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি উপস্থিত ছিলেন।

শীতবস্ত্র বিতরণ

রোটারী ক্লাব অব সোনারগাও এর আর্থিক সহযোগিতায় সিরাজগঞ্জ জেলার সদর উপজেলার কাওয়াকোলা ইউনিয়নের ৩৫০ জন শিশু, ৪৫০ জন নারী এবং ১০০ জন বিভিন্ন ধরনের প্রতিবন্ধী শিশুসহ সর্বমোট ৯০০ জন শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ জিয়াউর রহমান মুন্সি এর উপস্থিতিতে বিতরণ কর্মসূচিতে আরো উপস্থিত ছিলেন রোটারি ক্লাব অব সোনারগাও এর প্রতিনিধি সৈয়দ সালাউদ্দিন আহমেদ, মোঃ আবুল কালাম, ক্যাপ্টেন সায়েদ এ. চৌধুরী, এ.কে. মাসুদ আহমেদ, কামরুল আসান ও মাহ জাবিন মাসুদ।
এনডিপি'র পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল এর সার্বিক তত্ত্বাবধানে বিতরণ কার্যক্রম সম্পন্ন করেন উপব্যবস্থাপক (এমএন্ডই) মোঃ আব্দুল মোমিন তালুকদার, উপব্যবস্থাপক (প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসুচি) শিপন চন্দ্র নাগ প্রমুখ।

এনডিপি বার্তা
অক্টোবর-ডিসেম্বর, ২০২২ । সংখ্যা ৩৪ । বর্ষ ১৪

ব্রাজ প্রকল্পের কার্যক্রম পরিদর্শন

কোরিয়া ইন্টারন্যাশনাল কোঅপারেশন এজেন্সি (কোইকা) এর আর্থিক ও বিশ্ব খাদ্য কর্মসূচি'র (ডব্লিউএফপি) কারিগরি সহায়তায় ২০২০ থেকে বিল্ডিং রেজিলিয়েন্স টু এ্যাচিভ জিরো হাঙ্গার (ব্রাজ) প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। কুড়িগ্রাম জেলার চিলমারী উপজেলাধীন রাণীগঞ্জ ও অষ্টোমিরচর ইউনিয়নে প্রকল্প বাস্তবায়ন করছে বাংলাদেশের জাতীয় পর্যায়ের উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)। প্রকল্পের ধারাবাহিক কার্যক্রমের অংশ হিসেবে উন্নয়ন সহযোগী সংস্থা কোইকা ও বিশ্ব খাদ্য কর্মসূচির একটি প্রতিনিধি দল প্রকল্পের কার্যক্রম পরিদর্শনে আসেন। এ উপলক্ষ্যে কর্ম-এলাকার রাণীগঞ্জ ইউনিয়নে দিনব্যাপী আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডের মেলা ও রাণীগঞ্জ ইউনিয়ন পরিষদের সহযোগিতায় প্রত্যন্ত অঞ্চলে দূর্যোগকালীন সময়ের বন্যা প্রস্তুতি ও সারাদান মহড়ার আয়োজন করা হয়। ১৩ অক্টোবর মেলার উদ্বোধন করেন চিলমারী উপজেলা নির্বাহী কর্মকর্তা মাহাবুবুর রহমান।
আইজিএ মেলা ও সাড়াদান মহড়ায় স্থাপিত স্টল পরিদর্শন ও উপকারভোগীর সাথে মতবিনিময় করেন কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি ও ডব্লিউএফপির একটি প্রতিনিধি দল। প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন- কোইকা এর ডেপুটি কান্ট্রি ডিরেক্টর Mr. Taegeun Kim, বিশ্ব খাদ্য কর্মসূচি'র হেড অফ প্রোগ্রাম Mr. Riccardo Suppo, কোইকা এর প্রোগ্রাম ম্যানেজার Ms. Yoori Han, ডেভেলপমেন্ট স্পেশালিস্ট Mr. Biswajit Kumar Sarker, প্রোগ্রাম অফিসার Ms. Youjin Chang, ইয়াং প্রফেশনাল Ms. Kae Lyung Kim, বিশ্ব খাদ্য কর্মসূচি'র হেড অফ প্রজেক্ট Siddikul Islam, হেড অফ সাব (রংপুর) Ms. Bithika Biswas, ও প্রকল্পের ফোকাল পারসন Mr. Sadeque Ali. অনুষ্ঠানে এনডিপি'র উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান এর সঞ্চালনায় স্বাগত বক্তব্য প্রদান করেন সংস্থার পরিচালক (পিআরএম) ড. এবিএম সাজ্জাদ হোসেন। মহড়া স্পেশালিষ্ট মিঃ মলয় চাকী এর নির্দেশনা অনুযায়ী দূর্যোগকালীন সময়ের সকল বাস্তবচিত্র তুলে ধরা হয়। এসময় প্রকল্পের ফিল্ড কো-অর্ডিনেটর কামরুল আহসান, বিজনেস ডেভেলপমেন্ট অফিসার মোঃ আবদুস ছালাম সরকারসহ অত্র অঞ্চলের প্রায় ৯৫০জন নারী-পুরুষ উপস্থিত ছিলেন। অতিথিবৃন্দ ভিন্নরকম এই আয়োজনের মাধ্যমে সদস্যদের কর্মকান্ড এক সাথে দেখতে পেয়ে ও উপকারভোগীদের উত্তরোত্তর উন্নয়নে তারা খুবই উচ্ছ্বসিত হন এবং এনডিপিকে ধন্যবাদ জানান।

কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি ও ডব্লিউএফপি'র প্রতিনিধি দল।

কনফারেন্স রুম ও ট্রেনিং রুম ভাড়া

- সভা কক্ষ (এসি) : ৮,০০০.০০ টাকা
- প্রশিক্ষণ কক্ষ (এসি) : ৪,০০০.০০ টাকা

খাবারের মূল্য তালিকা

সকালের নাস্তা	: ৭০ টাকা (রুটি/পরটা/খিচুড়ি, মিক্সড ভেজিটেবল/ডাল, ডিম ও চা)
লাঞ্চ/ডিনার	: (১৯০ টাকা প্লেন রাইস, চিকেন/মাটন/ফিস, মিক্সড ভেজিটেবল এবং ল্যান্টল সুপ)
নাস্তা	: ৩০ টাকা (সিঙ্গারা/সামুচা, কেক ও চা)
চা	: ১০ টাকা (প্রতি কাপ)
কফি	: ৩০ টাকা (প্রতি কাপ)
কোমল পানীয়	: ৫৫ টাকা (২৫০ মিলি ক্যান)/ ৩০ টাকা (২৫০ মিলি বোতল)
দই	: ৪৫ টাকা (১০০ গ্রাম)
মিনারেল ওয়াটার:	১৫ টাকা (৫০০ মিলি বোতল)

সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও সার্ভিস চার্জ যুক্ত হবে।
আলোচনা সাপেক্ষে যে কোন স্পেশাল ডিস সার্ভ করা হয়।

ডাইনিং সুবিধা

৯০ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন একটি সুসজ্জিত ডাইনিং রুম এবং
৩৬ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন শীতাতপ নিয়ন্ত্রিত একটি ডাইনিং রুম।

ডরমেটরী

সাধারণ নন এসি কক্ষ	:	৬০০.০০	টাকা (ডাবল বেড)
এসি (ভিআইপি) কক্ষ	:	১,০০০.০০	টাকা (ডাবল বেড)
ডিলাক্স (এসি) কক্ষ	:	১,৫০০.০০	টাকা (ডাবল বেড)
লাক্সারি (এসি) কক্ষ	:	১,২০০.০০	টাকা (সিঙ্গেল বেড)

বুকিং সুবিধা ঃ

প্রশিক্ষণ সুবিধার জন্য ১৫ দিন আগে বুকিং করা যায়। লিখিত বুকিং অগ্রাধিকার দেওয়া হয়। ই- মেইলএ যোগাযোগ করা যেতে পারে। বুকিং বাতিল করতে ন্যূনতম ৭ দিন আগে জানাতে হবে।

অন্যান্য সুবিধা ঃ

- কম্পিউটার / ল্যাপটপ
- মাল্টিমিডিয়া প্রোজেক্টর
- সাউন্ড সিস্টেম
- ইন্টারনেট
- টেলিফোন
- ফটোকপি ও বাইন্ডিং
- গাড়ি ভাড়া

যোগাযোগ ঃ

ব্যবস্থাপক (প্রশিক্ষণ কেন্দ্র)
এনডিপি প্রধান কার্যালয়, বাগবাড়ি, শহীদ নগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩
টেলিফোন: ০৯৬৩৯১০০৬০০, মোবাইল ঃ ০১৭১৩-৩৮৩১০৬
ই-মেইল: tcm@ndpbd.org | ওয়েবসাইট :www.ndpbd.org

অগ্রযাত্রার ৩১ বছর